

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
একটি বাড়ি একটি খামার প্রকল্প
প্রবাসী কল্যাণ ভবন (লেঃ ১৩)
৭১-৭২ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০
www.ebek-rdcd.gov.bd

স্মারক নং-এবাএখা/প্রশা/ পিরোজপুর/১৭২/২০১০-৯২৬৩


তারিখ: ২৩.০১.২০১৯ খ্রি।

সাময়িক বরখাস্তের অফিস আদেশ

জনাব রতন কুমার বিশ্বাস, মাঠসহকারী, একটি বাড়ি একটি খামার প্রকল্প, মঠবাড়ীয়া, পিরোজপুর গত ১৬.১২.২০১৮ তারিখ হতে অদ্যাবধি বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। তার মুঠোফোনে যোগাযোগের চেষ্টা করে হলে তার মুঠোফোনটি বন্ধ পাওয়া যায়। এছাড়া তার বাড়ি এবং আত্মীয়-স্বজনের নিকট হতেও তার কোন খোঁজ পাওয়া যায়নি। পরবর্তীতে কর্মস্থলে অনুপস্থিতির কারণে তাকে কৈফিয়ত তলব করা হয় এবং কৈফিয়ত তলবের কোন জবাব না পাওয়ায় গত ২৪.১২.২০১৮ তারিখ মঠবাড়ীয়া থানায় একটি সাধারণ ডায়েরী (জিডি নং- ১০১৩) করা হয় মর্মে উপজেলা নির্বাহী অফিসার, মঠবাড়ীয়া, পিরোজপুর প্রকল্প সদর দপ্তরকে লিখিতভাবে অবহিত করেছেন।

০২। বিষয়টি অত্যন্ত হতাশাজনক, গুরুতর অসদাচারণ, কর্তব্য-কর্মে চরম অবহেলা এবং অফিস শৃংখলা পরিপন্থী। এহেন অবস্থায় তাকে চাকুরিতে রাখা সমীচীন নয় মর্মে প্রকল্প কর্তৃপক্ষ মনে করে। এ প্রেক্ষিতে তাকে প্রকল্পের চাকুরি থেকে সাময়িক বরখাস্ত করে উপজেলা নির্বাহী অফিসার, মঠবাড়ীয়া, পিরোজপুর এর কার্যালয়ে সংযুক্ত করা হলো। একইসাথে তার নিকট সরকারি কোন অর্থ পাওনা রয়েছে কিনা সে বিষয়ে যাচাইপূর্বক একটি প্রতিবেদন আগামী ১০(দশ) কার্যদিবসের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে প্রেরণের জন্য উপজেলা সমন্বয়কারী, মঠবাড়ীয়া, পিরোজপুর-কে নির্দেশ প্রদান করা হলো।

০৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


২৩.১.১৯
(আকবর হোসেন)

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

ফোনঃ ৯৩৬২৭১২ ফ্যাক্সঃ ৯৩৪৮২০৬

headoffice@ebek-rdcd.gov.bd

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, ৭১-৭২, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০।
- ২। জেলা প্রশাসক, পিরোজপুর।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, মঠবাড়ীয়া, পিরোজপুর।
- ৪। প্রোগ্রামার, একটি বাড়ি একটি খামার প্রকল্প (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৫। জেলা সমন্বয়কারী, একটি বাড়ি একটি খামার প্রকল্প, পিরোজপুর।
- ৬। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, মঠবাড়ীয়া, পিরোজপুর।
- ৭। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মঠবাড়ীয়া, পিরোজপুর।
- ৮। উপজেলা সমন্বয়কারী, একটি বাড়ি একটি খামার প্রকল্প, মঠবাড়ীয়া, পিরোজপুর।
- ৯। জনাব রতন কুমার বিশ্বাস, মাঠসহকারী (সাময়িক বরখাস্তকৃত), মঠবাড়ীয়া, পিরোজপুর।
- ১০। অফিস কপি/ব্যক্তিগত নথি